

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
এফটিএ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১২৫.০৩৩.০৫.২০-১০৭

৮ ভাদ্র ১৪২৮
তারিখঃ.....
১৭ আগস্ট ২০২১

বিষয়: Commonwealth of Learning (COL) Skills for Work program এ প্রশিক্ষণার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারির প্রেক্ষিতে কমনওয়েলথভুক্ত দেশসমূহের বেকার/কর্মহীন নাগরিকগণকে কর্মসংস্থানের উপযোগী করার লক্ষ্যে Commonwealth of Learning (COL) Skills for Work program এর আওতায় প্রথম পর্যায়ের (First Cohort) প্রশিক্ষণ কর্মসূচি ১ এপ্রিল ২০২১ হতে শুরু হয়ে চলমান আছে যাহা ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে সমাপ্ত হবে। প্রথম পর্যায়ে বাংলাদেশের জন্য বরাদ্দকৃত কোটার বিপরীতে বর্তমানে ৫০৭৬ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করছেন। প্রশিক্ষণ কর্মসূচিটি The Commonwealth of Learning (COL), Commonwealth Foundation and The Commonwealth Secretariat যৌথভাবে পরিচালনা করছে।

২। Commonwealth of Learning (COL) Skill for Work program এর আওতায় Commonwealth কর্তৃক Scholarship প্রদানের মাধ্যমে দ্বিতীয় পর্যায়ের (Second Cohort) প্রশিক্ষণ কর্মসূচি আগামী ১ অক্টোবর ২০২১ হতে শুরু হয়ে ৩১ মার্চ ২০২২ তারিখে সমাপ্ত হবে। উক্ত প্রশিক্ষণে (Google, Coursera ও Udemy কোর্স) অংশগ্রহণের জন্য বাংলাদেশের জন্য বরাদ্দকৃত কোটার বিপরীতে প্রশিক্ষণী মনোনয়ন আবশ্যিক।

৩। উল্লেখ্য, প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে নিম্নোক্তবিষয় বিবেচনা করা হয়ে থাকে।


- এই প্রোগ্রামটি কমনওয়েলথভুক্ত সকল দেশের বেকার/কর্মহীন নাগরিকগণের জন্য উন্মুক্ত;
- প্রতি সদস্য দেশ নির্ধারিত কোটা মোতাবেক অংশগ্রহণকারী মনোনয়ন দিতে পারবে;
- এই প্রোগ্রামের নির্ধারিত সময়ের মধ্যে বিনামূল্যে (free & unlimited) অংশগ্রহণ করতে পারবে;
- কোর্সে মনোনয়নের ক্ষেত্রে ইংরাজিতে যথাযথ দক্ষতা থাকা আবশ্যিক;
- কোর্সে মনোনয়নের ক্ষেত্রে ইন্টারনেটসহ ল্যাপটপ/ডেব্লটপ/ স্মার্ট ফোন থাকা আবশ্যিক;
- সদস্য দেশসমূহকে লিঙ্গ ভারসাম্য বজায় রেখে মনোনয়ন প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে;
- প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ১ শতাংশ কোটা সংরক্ষণ করা যাবে।

৪। Commonwealth of Learning (COL) Skill for Work program এর লোকাল পার্টনার হিসেবে Commonwealth কর্তৃক Better Future for Women প্রতিষ্ঠানটি মনোনীত এবং 2021-2023 সাল পর্যন্ত চুক্তিবদ্ধ। তারা Commonwealth এবং বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে কার্যক্রম বাস্তবায়ন করছে। উল্লেখ্য, উক্ত কর্মসূচীতে বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ সেলিম হোসেন ন্যাশনাল ফোকাল পয়েন্ট হিসেবে সমন্বয়কারীর দায়িত্ব পালন করছেন। Better Future for Women কর্তৃক Google, Coursera এবং Udemy কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের আবেদন ছক Google Doc প্রস্তুত করা হয়েছে যা নিম্নরূপ:

- COL- Grow with Google Scholarship application form - <https://forms.gle/sL1FhGvumAfecmwi7>
- COL- Udemy Scholarship application form- <https://forms.gle/QJYs5g3hGwtrU6iy5>
- COL-Coursera Scholarship Application Form- <https://forms.gle/XRoiLwvq8mZKgPph9>

Google, Coursera এবং Udemy কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের লক্ষ্যে আগামী ১৮- ৩১ আগস্ট ২০২১ তারিখ পর্যন্ত আবেদনের সময়সীমা উন্মুক্ত রেখে Google Doc এর মাধ্যমে প্রশিক্ষার্থীদের আবেদন ছক পূরণের/ আবেদন করার সুযোগ প্রদান করা হয়েছে।

৫। এমতাবস্থায়, আগামী ১ অক্টোবর ২০২১ হতে অনুষ্ঠিতব্য দ্বিতীয় পর্যায়ের (Second Cohort) প্রশিক্ষণ কর্মসূচিতে প্রশিক্ষণার্থী মনোনয়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোঃ সেলিম হোসেন ২০২১
উপসচিব

মোবাইল: ০১৭১৩৪২৫৫৯৩

selim2020.bd@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আওতাভুক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠান/প্রকল্প বরাবর প্রচারের অনুরোধসহ)
- চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে প্রচারের অনুরোধসহ)
- উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয় (আওতাভুক্ত প্রধান প্রতিষ্ঠানসমূহে (বিশ্ববিদ্যালয় কলেজ/কলেজ) প্রচারের অনুরোধসহ)
- চেয়ারম্যান, বেটার ফিউচার ফরওমেন, বাংলাদেশ (ওয়েব সাইট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

অনুলিপি: সদয় অবগতির জন্য

- সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- অতিরিক্ত সচিব (এফটিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- যুগ্ম-সচিব (এফটিএ-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।